বামন্দীতে সুইট ফ্লাওয়ার মিলসের মালিকে ১৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী বাজারের ময়দা ও সেমাই প্রস্তুতকারক প্রতিষ্ঠান মেসার্স সুইট ফ্লাওয়ার মিলসে্ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

মঙ্গলবার (২৮শে মার্চ) বিকেলে বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশে পবিত্র রমজান মাসে বিভিন্ন জিনিসপত্রের বাজার মূল্য স্বাভাবিক রাখতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয় বামন্দী বাজারে এ অভিযান পরিচালনা করে। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলার সহকারী পরিচালক সজল আহমেদ। এসময় অভিযান পরিচালনায় সহোযোগিতা করে র্যাব-১২ গাংনী ক্যাম্পের একটি দল।

ভোক্তা অধিকার অধিদপ্তরের ভ্রাম্যমান আদালতের অভিযান সূত্রে জানা যায়, বামন্দী বাজারের হাজী মতিয়ার রহমান পরিচালিত মেসার্স সুইট ফ্লাওয়ার মিলসে্ আটা ও ময়দার প্যাকেটে মূল্য না দেওয়া, সেমাই তৈরি ও প্যাকেটজাতকরণে যথাযথ নিয়ম না মানা সহ অপরিচ্ছন্নতা এবং অব্যবস্থাপনার অভিযোগে ভোক্তা অধিকার আইনের ৩৭ ও ৪৩ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলার সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশে জিনিসপত্রের অস্বাভাবিকভাবে মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণে রাখতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার মনিটরিং কার্যক্রমের আওতায় বামন্দী বাজারের মেসার্স সুইট ফ্লাওয়ার মিলস্’কে বেশ কয়েকটি অসঙ্গতির কারণে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। রমজান মাসব্যাপী আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।

মুজিবনগরে ট্রলি চাপায় শিশু নিহত

মুজিবনগরে মাটিবহনকারী অবৈধ ট্রলি ট্রাক্টর চাকায় পিষ্ট হয়ে ইব্রাহিম (১২) নামের এক শিশু নিহত হয়েছে। মঙ্গলবার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহত স্কুল ছাত্র ইব্রাহিম মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মন্ডলপাড়া খাইরুল ইসলামের ছেলে। সে আনন্দবাস প্রাইমারি স্কুলের ৫ম শ্রেনীর ছাত্র।

স্থানীয়রা জানান, ইব্রাহিম তার বাড়ির সামনে বাইসাইকেল চড়ে ঘোরাফেরা করছিল। এসময় মাটিবহনকারী অবৈধ ইঞ্জিন চলিত ট্রলি ট্রাক্টর পেছন দিক থেকে ধাক্কা দিলে, ট্রলি ট্রাক্টর এর চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

স্থানীয়রা আরো জানায়, খায়রুল ইসলামের দীর্ঘ দিন সন্তান না হওয়ায় অনেক সাধনা ও টাকা পয়সা খরচ করে তার ঘরে একটি সন্তান জন্ম নেয়। শিশুটি নিহত হওয়ায় পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

ইব্রাহিমের নানা সাব্বির হোসেন বলেন, ট্রলি চালক মোবাইলে কথা বলতে বলতে গাড়ি চালিয়ে যাচ্ছিল । সে সব সময় নেশা গ্রস্থ অবস্থায় গাড়ি চালায়। আমরা থানায় মামলা দায়ের জন্য গেলে লোক মারফত হুমকি দিয়েছে। বলে, মামলা করে কোন লাভ নেই। আমি সব দেখে নেব।

নিহত ইব্রাহিম হোসেনের চাচা বললেন, অবৈধ ভাবে মাটি ও বালি তুলে বিক্রি করে। এতে গ্রামের ভিতর দিয়ে গেলে অনেক ধুলা বালি উড়ে। এগুলো গ্রামের মানুষ বলতে গেলে ট্রলি চালক ও মালিকদের হুমকি আসে। প্রসাশনের কাছে বলে কোন লাভ নেই। দিনে দুপুরে এধরনের যান চলাচল বন্ধ করতে হবে। এই শিশু হত্যার বিচার চাই।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদি রাসেল জানান, নিহত শিশু ইব্রাহিমের লাশ উদ্ধার করে মেহেরপুর জেলার হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। নিহতর পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীর গাঁড়াডোবে রাস্তায় বাঁশের বেড়া এক পরিবারকে ঘরবন্দী রাখার অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের গাঁড়াডোব গ্রামের মাঠপাড়ার এক প্রভাবশালী পরিবার যাতায়াতের রাস্তার বাঁশের বেড়া দিয় ঘিরে দেয়ায় একটি হতদরিদ্র পরিবার প্রায় গৃহ বন্দি হয়ে পড়েছে। কোন উপায় না পেয়ে পুলিশের দ্বারস্ত হতে একটি অভিযোগ দায়ের করেছেন ভূক্তভোগি আনোয়ার হোসেন নামের ওই ব্যাক্তি।

অভিযোগ সূত্রে জানা গেছে, গাঁড়াডোব গ্রামের মাঠপাড়ার ইউসুফ মালিথার ছেলে দরিদ্র আনোয়ার হোসেন দীর্ঘ ৩০ বছর যাবত একটি জমি ক্রয় করে বসবাস করে আসছেন। আনোয়ার হোসেনের পরিবারের লোকজন বাড়ি থেকে বের হওয়ার রাস্তাটি ব্যবহার করে আসছে দির্ঘদিন। ওই রাস্তাটি খাস জমি হিসাবে ব্যবহার করে আসছেন তিনি। হঠাৎ রবিবার বিকেলে প্রতিবেশী মৃত জবেদ আলীর ছেলে শেমাইল ও তার লোকজন রাস্তাটি কাঁটার বেড়া দিয়ে ঘিরে দেয়। এনিয়ে আনোয়ার হোসেন প্রতিবাদ করতে গেলে,শেমাইল ও তার লোকজন পিটিয়ে রক্তাক্ত জখম করে। এ বিষয়ে আনোয়ার হোসেন বাদি হয়ে ওই গ্রামের শেমাইল,আজগর আলী ও বাবর আলীর নামে গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করেছেন।

এ বিষয়ে আনোয়ার হোসেন জানান,রাস্তাটি ঘিরে দেয়ায় আমার পরিবার-পরিজন নিয়ে রাস্তা দিয়ে বেরাতে পারছিনা। আমার প্রতিবন্ধী কন্যা সন্তান রয়েছে। মাঝে মাঝে সে অসুস্থ্য হয় । অসুস্থ্য হলে তো রাস্তা দিয়ে বেরাতে হবে। সে সুযোগ টুকুও নেই।

এদিকে,শেমাইল পরিবারের সাথে এ বিষয়ে কথা বললে,তারা জানায় হামলার কোন ঘটনা ঘটেনি। রাস্তা ঘেরা হয়েছে ক্ষোভের কারণে। তবে রাস্তায় দেয়া বেড়া তুলে নেয়া হবে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান,অভিযোগ পেয়েছি। তদন্ত পুর্বক আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে প্রবাসী স্বামীর পরকীয়ার বলী স্ত্রী

মেহেরপুরের গাংনীতে স্বামীর নির্যাতনে বিষপানে আত্মহত্যা করেছে স্ত্রী জেনিয়ারা খাতুন (২২)। আজ সোমবার দুপুরে জোড়পুকুরিয়া গ্রামে এ ঘটনা ঘটে। স্বামীর পরকীয়া প্রেমের জের সৃষ্ট দাম্পত্য কলহের জেরে এ দুর্ঘটনা বলে জানায় স্থানীয়রা।

জেনিয়ারা জোড়পুকুরিয়া গ্রামের সৌদি প্রবাসী শরিফুল ইসলামের স্ত্রী। তবে প্রবাসী স্বামীর নির্মম নির্যাতন করে তাকে হত্যা করা হয়েছে বলে অভিযোগ নিহতের পরিবারের।

অভিযোগে জানা গেছে, শরিফুল ইসলাম ওরফে শরিফ বেশ কয়েক বছর পর সম্প্রতি বাড়ি ফিরেছেন। তার বাড়ির পাশের এক মেয়ের সাথে পরকিয়া সম্পর্ক ছিল। এতে প্রায়ই দাম্পত্য কলহে স্ত্রীকে শারীরিকভাবে নির্যাতন করতো শরিফ। এর জের ধরে স্ত্রী আত্মহত্যা করেছে। তাকে আত্মহত্যার দিকে ঠেলে দেওয়ায় শরিফের বিচার দাবি করেছেন নিহতের মা।

স্থানীয় ও পুলিশ সুত্রে জানা গেছে, দুপুরে স্বামীর বাড়িতে বিষপান করে এক সন্তানের জননী জেনিয়ারা খাতুন। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানে প্রাথমিক চিকিৎসা দিলেও তার শারীরিক অবস্থা অবনতি হতে থাকে। উন্নত চিকিৎসার জন্য চিকিৎসকরা তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। কুষ্টিয়া নেওয়ার পথে বামন্দী এলাকায় তার মৃত্যু হয়।

নিহত গৃহবধুর মা শরিফা খাতুন এ ঘটনায় থানায় একটি অভিযোগ দায়ের করেছেন। মৃত্যুর প্রকৃত কারণ নিয়ে সংশয় থাকার কথা উল্লেখ করেছেন অভিযোগে। অভিযোগের প্রেক্ষিতে পুলিশ মরদেহ উদ্ধার করে

ময়নাতদন্তের প্রক্রিয়া করছে। মেয়ের মৃত্যুর জন্য জামাই শরিফের পরকিয়া দায়ী করে তিনি বলেন, প্রায়ই শরীফ তাকে শারীরিকভাবে নির্যাতন করতো। তাকে মৃত্যুর দিকে ঠেলে দিয়েছে শরিফ।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, মরদেহ ময়নাতদন্তের প্রক্রিয়া চলছে। নিহত গৃহবধুর মায়ের অভিযোগ গ্রহণ করা হয়েছে। তদন্ত শেষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে শিশু ধর্ষণ মামলা কিশোর গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামে শিশু ধর্ষণ মামলায় নাসিম (১৬) নামের এক কিশোরকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল রবিবার রাতে শিশু ধর্ষণের ঘটনায় আজ সোমবার সকালে ওই শিশুর নানি জরিনা খাতুন গাংনী থানায় ধর্ষন মামলা দায়ের করেন। গাংনী থানায় মামলা নং-৩৬,তারিখ-২৭/০৩/২০২৩ইং। গ্রেফতারকৃত কিশোর নাসিম গাংনীর ছাতিয়ান গ্রামের কামার পাড়ার নজির হোসেনের ছেলে।

মামলার এজাহার সুত্রে জানা গেছে, গতকাল রবিবার সন্ধায় গাংনীর সম্পুর্ণা বিউটি পার্লারে কাজ শেষে বাড়ি ফিরছিল ১৪ বছর বয়সি বালিয়াঘাট গ্রামের এক শিশু। ওই সময় তার সাথে মুঠোফোনে যোগাযোগ হয় কিশোর নাসিমের। রাত ৯টার দিকে দুজুনের দেখা হয় বামন্দী আল ফালাহ ডায়াগনস্টিক সেন্টারের সামনে। সেখানে একটু কথা বলার জন্য একটি নির্মানাধীন ভবনের তৃতীয় তলায় নিয়ে যায় নাসিম। নাসিমের দুই বন্ধুকে পাহারায় রেখে সেখানে ওই শিশুকে জোর পুর্বক ধর্ষণ করে।

পরে ছাড়া পেয়ে স্থানীয় লোকজনকে ঘটনা খলে বল্লে স্থানীয়রা বিষয়টি বামন্দি পুলিশ ক্যাম্পে খবর দেয়। খবর পেয়ে বামুন্দি ক্যাম্পের এসআই ইসরাফিল হোসেন ওই শিশুকে উদ্ধার করে এবং অভিযুক্ত কিশোরকে মধ্যরাতে আটক করে। পরে শিশুটির নানি বাদি হয়ে সোমবার সকালে ধর্ষণ মামলা দায়ের করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) আব্দুর রাজ্জাক জানান,কিশোরের

বিরুদ্ধে একটি ধর্ষণ মামলা দায়ের করেছেন। ওই মামলায় গ্রেফতার দেখিয়ে অভিযুক্ত নাসিমকে আদালতে সোপর্দ করা হয়েছে। বাকি দুই সহযোগীকে গ্রেফতারের চেষ্টা চলছে।

গাংনীর সাহারবাটি ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে করা অভিযোগ প্রত্যাহার

গাংনীর সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের মধ্যে সৃষ্ট ভুলবোঝাবুঝি ও অভিযোগের অবশেষে অবসান হয়েছে।

আজ সোমবার দুপুরে ইউনিয়ন পরিষদ চত্বরে তাৎক্ষণিক এক সংবাদ সম্মেলনের মাধ্যমে উভয়দের মধ্যেকার ভুলবোঝাবুঝির অবসান হওয়া বিষয়ে নিশ্চিত করেন।

ইউপি চেয়ারম্যান মশিউর রহমানের উপস্থিতিতে সংবাদ সম্মেললনে ইউপি সদস্য আনারুল ই্সলাম আকালি সংবাদ সম্মেলনে জানান, ইউপি চেয়ারম্যান ও আমরা যারা ১২জন ইউপি সদস্য রয়েছি তাদের সাথে একটু মতানৈক্য তৈরী হয়। আমরা কতিপয় সদস্যরা এবিষয়ে চেয়ারম্যান মশিউর রহমানের বিরুদ্ধে জেলা প্রশাসক ও উপজেলা প্রশাসন বরাবর একটি লিখিত অভিযোগ করেছিলাম। চেয়ারম্যান ও আমাদের সাথে একটু দুরুত্ব তৈরী হয়। এতে ইউনিয়নবাসীরা তাদের সেবা থেকে অনেকটা বঞ্চিত হচ্ছিল।

এমন বিষয় চিন্তা করে আমাদের মধ্যেকার দুরুত্বের অবসান করে নিলাম। ইউনিয়নের উন্নয়ন ও ইউনিয়নবাসীর সেবার স্বার্থে আমরা আবার এক সাথে কাধে কাধ মিলিয়ে চলতে চাই। সকলে একত্রিত হয়ে ইউনিয়নের মানুষের কাংখিত সেবা দেয়ার প্রত্যয় নিয়ে আমাদের মধ্যেকার জমে থাকা ক্ষোভ ও দুরুত্ব আজ আনুষ্ঠানিক ভাবে নিষ্পত্তি হয়ে গেল। জেলা প্রশাসক ও উপজেলা নির্ব্হী অফিসার বরাবর যে অভিযোগ জমা দেয়া ছিল তা প্রত্যাহার করে নিয়েছি বলেও সংবাদ সম্মেলনে উল্লেখ করা হয়।

ইউপি সদস্য সাহাবুদ্দিন জানান, এক সাথে চলতে গেলে একাধপু দোষত্রুটি থাকতেই পারে। এবিষয়ে আমাদের মধ্যেকার ভুলবোঝাবুঝির আনুষ্ঠানিক অবসানের জন্য আমরা সংবাদ সম্মেলন করে নিজেদের মধ্যেকার তৈরী হওয়া দুরুত্বের অবসান হলো। আগামী দিন থেকে আমরা ইউনিয়নের উন্নয়নের একত্রে কাজ করার পথ সুদৃড় হবে।

সংরক্ষিত নারী সদস্য আসমা আক্তার জানান, একটি ইউনিয়ন মানে আমাদের একত্রে থাকার একটি পরিবার। সেখানে তেম কিছুই ঘটেনি। সামান্য ভুলবোঝাবুঝির কারনে বিষয়ে এতোদুর গড়িয়েছে। আমাদের মধ্যে পৃথক করে দিয়ে তৃতীয় একটি পক্ষ ফায়দা লুটার চেষ্টা করছিল। এমন বিষয় আমরা বুঝতে পেরে নিজেদের সমস্য নিজেরাই মিমাংসা করে একত্রে মিলে ইউনিয়নের উন্নয়ন করতে চাই। এক সাথে চার বছরের পথ চলা আজকের এই অবসানের মধ্য দিয়ে সুগম একটি প্লাটফর্ম তৈরী হলো।

আব্বাস আলী জানান, আমরা চেয়ারম্যানের বিরুদ্ধে লিখিত অভিযোগ করেছিলাম। এবিষয়ে আমাদের মাথায় কাঁঠাল ভেঙ্গে খাওয়ার চেষ্টা করছিল একটি পক্ষ। আমরা আমাদের বিষয়টি বুঝতে পেরে অভিযোগ প্রত্যাহার করে নিয়েছি।

ইউপি চেয়ারম্যান মোঃ মশিউর রহমান জানান, আমার বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছিল তা ভিত্তিহীন ও মনগড়া। সামাজিক ভাবে আমাকে হেয় করার জন্য একটি পক্ষ ষড়যন্ত্র করে আমাদের সদস্যদের মধ্যে দুরুত্ব তৈরী করে দিয়েছিল। এটি সদস্যরা বুঝতে পেরে তারা তাদের অভিযোগ প্রত্যাহার করে নিয়েছেন।

তিনি আরও জানান, আমার বিরুদ্ধে অভিযোগে যে স্বাক্ষর ব্যবহার করা হয়েছিল তা ভুয়া। অন্যকাজের জন্য করা স্বাক্ষরিত কাগজ আমার বিরুদ্ধে কাজে লাগানোর চেষ্টা করেছে। বিষয়টি জানাজানি হলে তারা তাদের ভুল বুঝতে পেরে সমস্ত অভিযোগ প্রত্যাহার করে নিচ্ছে এবং একসাথে ইউনিয়নের উন্নয়নে কাজ করা প্রত্যয় ব্যাক্ত করেন তিনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু জানান, সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যানের বিরুদ্ধে অভিযোগ প্রত্যাহারের জন্য লিখিত আবেদন করেছেন ইউপি সদস্যরা। তারা সরাসরি অফিসে এসে প্রত্যাহার পত্র দিয়ে গেছেন। এতে তাদের ভুলবোঝুছি ছিল বলেও প্রত্যাহার পত্রে উল্লেখ করেছেন তারা।

বামন্দীতে বাজার মনিটরিং ও ভ্রাম্যমান আদালতের জরিমানা

বামন্দীতে রমজানের প্রথম দিনেই জিনিসপত্রের দাম বৃদ্ধি ‘ক্রেতাদের নাগালের বাইরে শাক-সবজি’ শিরোনামে সাপ্তাহিক (শুক্রবারের) হাটের চিত্র তুলে ধরে গত (২৫শে মার্চ) শনিবার সংবাদ প্রকাশ করে দৈনিক মেহেরপুর প্রতিদিন।

ব্যবসায়ী ও ক্রেতাদের মতামত সহ বন্ধ থাকা বাজার মনিটরিং এবং সংশ্লিষ্টদের উদাসীনতার বিষয়টি সংবাদে উঠে আসার পর টনক নড়ে গাংনী উপজেলা প্রশাসনের। যার ফলে বামন্দীর সাপ্তাহিক হাট (শুক্রবার ও সোমবার) রমজানের প্রথম দিন গত শুক্রবারের চিত্র তুলে ধরার পর-ই গাংনী উপজেলা প্রশাসন (২৭ই মার্চ) সোমবার বামন্দীর সাপ্তাহিক হাট পরিদর্শন, বাজার মনিটরিং ও ভ্রাম্যমান আদালতের অভিযানে জরিমানা আদায় করে।

বাজার মনিটরিং ও ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

এসময় বামন্দী বাজারের শাকসবজির হাট, বিভিন্ন মুদিখানার দোকান ও তরমুজ বিক্রেতাদের মালামাল ক্রয়ের ক্যাশ মেমো যাচাই-বাছাই করেন তিনি। এবং বেশ কয়েকটি মুদিখানার দোকানে অভিযান শেষে মূল্য তালিকা না থাকার অভিযোগে ভ্রাম্যমান আদালতে ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম বলেন, বামন্দী বাজারের বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ীদের ক্রয়মূল্য যাচাই-বাছাই করা হয়েছে। তারা ক্রয়মূল্যের চেয়ে কতটা বেশি দামে বিক্রি করছেন সেটা দেখা হয়েছে। ক্রেতা-বিক্রেতা উভয়ের সাথে কথা বলে বোঝা গেছে এখন মোটামুটি বাজারের অবস্থা নিয়ন্ত্রণে রয়েছে। তবে কয়েকটি জায়গায় কিছু অসঙ্গতি লক্ষ্য করা গেছে এবং সেখানে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জরিমানা করা হয়েছে। আমাদের এই অভিযান নিয়মিত অব্যাহত থাকবে।

মেহেরপুর শহরের দু‘টি রাস্তা সংস্কার কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ৭, ৮ নম্বর ওয়ার্ড মিয়া পাড়া ও স্টেডিয়াম পাড়ার রাস্তা সংস্কার ও কার্পেটিং কাজের উদ্বোধন করেন মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

আজ সোমবার বিকাল ৩ টার দিকে পৌর মেয়র এ কাজের উদ্বোধন করেন।

৮ নম্বর ওয়ার্ড স্টেডিয়াম পাড়ার শিল্পকলা মোড় থেকে লাল্টুর দোকান পযর্ন্ত প্রায় ৬৫০মিটার রাস্তা কার্পেটিং যার ব্যয় ধরা হয়েছে ৬৩ লক্ষ টাকা এবং ৭ নম্বর ওয়ার্ড মিয়া পাড়ার রাস্তা সংস্করণ কাজে ৪৭০ মিটার রাস্তার ব্যয় ধরা হয়েছে ২৮ লক্ষ টাকা।

এ সময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, পৌরসভার আনাচে-কানাচে অনেক রাস্তার কাজ অসমাপ্ত রয়েছে, আস্তে আস্তে সবগুলো কাজ করা হবে এবং শিল্পকলা মোড় থেকে লাল্টুর দোকান পযন্ত এটা একটা উন্নত মানের রাস্তা হবে। তিনি বলেন, আপনারা যেভাবে নির্বাচনের সময় আমাকে ভালোবেসে আমার পাশে ছিলেন আমিও ঠিক তেমনি আমার সর্বত্র দিয়ে সব সময় আপনাদের পাশে থাকবো।

২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আল মামুনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন ৬ নম্বর ওয়ার্ডে কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন,৭ নম্বর ওয়ার্ডে কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৮ নম্বর ওয়ার্ডে কাউন্সিলর মঞ্জুরুল কবির রিপন ও সংরক্ষিত কাউন্সিলর রোকসানা কামাল ঠিকাদার আসলাম খান পিন্টুসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মেহেরপুর বিসিকের একটি কারখানায় দুর্ধর্ষ চুরি

মেহেরপুর বিসিক শিল্পনগরীতে মোমিনুল ম্যানফ্যাকচার্স নামের একটি কারখানায় দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। এতে প্রায় ২৫ লাখ টাকা যন্ত্রাংশ চুরি হয়েছে বলে দাবী কারখানা মালিকের। রবিবার দিবাগত রাতে চুরির এ ঘটনা ঘটে।

জানা গেছে, মের্সাস মোমিনুল ম্যানুফ্যাকচারের পিছনের দরজা ভেঙে সংঘবদ্ধ চোরের দল এ ঘটনা ঘটিয়েছে। কারখানায় থাকা ১৭টি ডাইস মেশিন, কার্টার, গেন্ডিং মেশিন, রেঞ্জ, মিটারসহ বেশ কিছু যন্ত্রপাতি চুরি করে নিয়ে গেছে।

মোমিনুল ম্যানুফ্যাকচার্সের মালিক আজিজুল ইসলাম জানান, সোমবার সকাল ৯টার দিকে প্রতিদিনের ন্যায় কারখানা খুলে দেখি ভিতরে সব তছনছ অবস্থায় আছে। পরে দেখি পেছনের দরজা ভেঙে অধিকাংশ ছোট যন্ত্রাংশগুলো চুরি করে নিয়ে গেছে চোররা। যার আনুমানিক মূল্য হবে ২৫ লাখ টাকা। তিনি আরো জানান, বিসিক শিল্পনগরীতে দুইজন নিরাপত্তা কর্মী আবাসিকভাবে থাকেন। তাদেরকে বিশ্বাস করে আমরা নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করিনি। তাদের বিশ্বাস করাটাই কাল হলো।

খবর পেয়ে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন, বিসিক শিল্প নগরী কর্মকর্তা আকতারুজ্জামান, মেহেরপুর শিল্প ও বণিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল, নাসিবের জেলা শাখার সভাপতি নাইমুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এ ব্যাপারে মামলার প্রস্তুতি চলছে।

মেহেরপুর বিসিকের উপ-ব্যবস্থাপক ফয়সাল হাসনাত বলেন, এ ব্যাপারে কারখানা মালিকের লিখিত অভিযোগ পেয়ে শিল্পনগরী কর্মকর্তাকে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। বিষয়টি নিয়ে ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। পরবর্তিতে ক্ষয়ক্ষতির বিষয়ে নিশ্চিত করে বলা যাবে।

মেহেরপুরে জেলা বিএনপির স্বাধীনতা দিবস পালন

মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে শোভাযাত্রা ও পুস্পস্তবক অর্পণ করা হয়েছে।

গতকাল সকালে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে জেলা বিএনপির কার্যালয় থেকে শোভযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে কলেজ মোড়ে গিয়ে শেষ হয়। পরে শহিদ স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ করা হয়।

এসময় সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাহাবদ্দিন, মনিরুল ইসলামসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা শোভাযাত্রা ও পুস্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশ নেন।